

তারিখ: 16/02/2017

**আর বি আই অথবা প্রাধিকৃত ব্যাঙ্ক শাখাগুলিতে দেয় আয়কর আগাম প্রদান করুন- মার্চ 2017**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আয়করদাতাদের (income tax assesses) কাছে আর্জি জানিয়েছে তাঁদের দেয় আয়কর নির্দিষ্ট তারিখের পর্যাপ্ত সময় আগে থাকতেই পাঠিয়ে দিতে। এটাও জানান হচ্ছে যে আয়করদাতারা বিকল্প প্রণালীগুলিও ব্যবহার করতে পারেন যেমন প্রতিনিধিত্বকারী (এজেন্সি) ব্যাঙ্কের নির্বাচিত শাখাসমূহ অথবা এইসকল ব্যাঙ্ক দ্বারা প্রস্তাবিত অনলাইন কর প্রদানের সুবিধা। এতে রিজার্ভ ব্যাঙ্কের কার্যালয়গুলিতে দীর্ঘ সারিতে দাঁড়িয়ে থাকা জনিত অসুবিধা দূর হবে।

দেখা গেছে যে প্রত্যেক বছর মার্চ মাসের শেষদিকে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের মাধ্যমে বকেয়া আয়কর জমা দেওয়ার জন্য করদাতাদের ভীড় অতিরিক্ত বেড়ে যায় এবং রিজার্ভ ব্যাঙ্কের পক্ষে এত বিপুল সংখ্যার করদাতাদের কাছে জমার রশিদ জারি করার চাপ বহন করা, এই উদ্দেশ্যে যতটা বেশী সম্ভব অতিরিক্ত কাউন্টার খোলা সত্ত্বেও, কঠিন হয়ে পড়ে।

দেয় আয়কর গ্রহণের জন্য উনত্রিশটি প্রতিনিধি ব্যাঙ্ক প্রাধিকৃত হয়েছে। এগুলি হল:

1.	এলাহাবাদ ব্যাঙ্ক	16.	সিন্ডিকেট ব্যাঙ্ক
2.	অন্ধ্র ব্যাঙ্ক	17.	ইউকো ব্যাঙ্ক
3.	ব্যাঙ্ক অফ বরোদা	18.	ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
4.	ব্যাঙ্ক অফ ইন্ডিয়া	19.	ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
5.	ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র	20.	বিজয়া ব্যাঙ্ক
6.	কানাড়া ব্যাঙ্ক	21.	স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
7.	সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া	22.	স্টেট ব্যাঙ্ক অফ বিকানের অ্যান্ড জয়পুর
8.	করপোরেশন ব্যাঙ্ক	23.	স্টেট ব্যাঙ্ক অফ হায়দ্রাবাদ
9.	দেনা ব্যাঙ্ক	24.	স্টেট ব্যাঙ্ক ট্রাভাক্কোর
10.	আইডিবিআই ব্যাঙ্ক	25.	স্টেট ব্যাঙ্ক অফ মাইসোর
11.	ইন্ডিয়ান ব্যাঙ্ক	26.	স্টেট ব্যাঙ্ক অফ পাতিয়ালা
12.	ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক	27.	এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড
13.	ওরিয়েন্টাল ব্যাঙ্ক অফ কমার্স	28.	অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড
14.	পাঞ্জাব অ্যান্ড সিন্দ ব্যাঙ্ক	29.	আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড
15.	পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক		

প্রেস প্রকাশনি : 2016-2017/2208

অজিত প্রসাদ  
সহায়ক উপদেষ্টা